



বিস্তারিত তথ্য ও সেবার জন্য যোগাযোগ করুন :
গভর্নমেন্ট সিকিউরিটিজ ক্লায়েন্টাল সার্ভিস উইন্ডো
ট্রেজারি বিভাগ, প্রধান কার্যালয়
মার্কেন্টাইল ব্যাংক পিএলসি
মনির ম্যানসন (নীচ তলা), ১৮ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০
ফোনঃ ০৯৬১২৯৫৬৯৩৩ এক্সটেনশনঃ ২০২৯৩০, ২০২৯৩১, ২০২৯৩৬
ওয়েবসাইটঃ www.mblbd.com
অথবা
যেকোন শাখা, মার্কেন্টাইল ব্যাংক পিএলসি

আপনার বিনিয়োগ হোক নিরাপদ



বাংলাদেশ গভর্নমেন্ট ট্রেজারি বিল ও বন্ড

বাংলা ব্যাংক
মার্কেন্টাইল ব্যাংক পিএলসি.
Mercantile Bank PLC.
দক্ষতাই আমাদের শক্তি



www.mblbd.com

facebook.com/mercantile.bd

মার্কেন্টাইল ব্যাংক পিএলসি ১৯৯৯ সালের ২ জুন ‘বাংলার ব্যাংক’ এই স্লোগানকে সামনে রেখে সমৃদ্ধ বাংলাদেশ গড়ার লক্ষ্যে বাংলাদেশের ব্যাংকিং ইন্ডাস্ট্রিতে তৃতীয় প্রজন্মের বেসরকারি ব্যাংক হিসাবে যাত্রা শুরু করে। ১৫৯টি ‘কনভেনশনাল ব্যাংকিং শাখা’, ১টি পূর্ণাঙ্গ ‘ইসলামিক ব্যাংকিং শাখা’, ৪২টি ‘উপশাখা’, ৪৫টি ‘ইসলামিক ব্যাংকিং উইন্ডো’, ১৮৭টি ‘এজেন্ট ব্যাংকিং আউটলেট’, ১৯৫টি এটিএম বুথ ও ২০টি সিডিএম এর সমন্বয়ে মার্কেন্টাইল ব্যাংক পিএলসি এর রয়েছে এক সুবিশাল নেটওয়ার্ক।

বাংলাদেশ গভর্নমেন্ট ট্রেজারি বিল ও বন্ড এর সেকেন্ডারি মার্কেটের উন্নয়নের লক্ষ্যে মার্কেন্টাইল ব্যাংক পিএলসি ২০০৯ সালের ২৩শে নভেম্বর প্রাইমারী ডিলার ব্যাংক হিসাবে বাংলাদেশ ব্যাংক কর্তৃক নিয়োগ প্রাপ্ত হয়। সরকারি সিকিউরিটিজের প্রাইমারী ইস্যু ও ইস্যু পরবর্তী সেকেন্ডারি মার্কেটে ক্রয়-বিক্রয়ের জন্য প্রয়োজনীয় গ্রাহক সেবা প্রদানের লক্ষ্যে মার্কেন্টাইল ব্যাংক পিএলসি নিরলস ভাবে কাজ করে যাচ্ছে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার বাংলাদেশ নিবাসী/অনিবাসী ব্যক্তি, প্রতিষ্ঠান বা কর্তৃপক্ষ-এর তহবিল লাভজনক উপায়ে বিনিয়োগের জন্য ৯৯, ১৮-২ ও ৩৬৪ দিন মেয়াদী গভর্নমেন্ট ট্রেজারি বিল এবং ২, ৫, ১০, ১৫ ও ২০ বছর মেয়াদী বাংলাদেশ গভর্নমেন্ট ট্রেজারি বন্ড (বিজিটিবি) নিলামের মাধ্যমে ইস্যু করছে।

ট্রেজারি বিল ও বন্ড ক্রয়ের যোগ্যতা:

- নিবাসী যে কোন ব্যক্তি ও প্রতিষ্ঠান (যেমন-বীমা কোম্পানি, কর্পোরেট প্রতিষ্ঠান, ভবিষ্য তহবিল, পেনশন তহবিল ইত্যাদি) ট্রেজারি বিল ও বন্ড ক্রয় করতে পারবে;
- অনিবাসী ব্যক্তি ও প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারীও ট্রেজারি বন্ড ক্রয় করতে পারবে।

ট্রেজারি বিল ও বন্ড বিনিয়োগের পরিমাণ:

সর্বনিম্ন এক লক্ষ টাকা বা এক লক্ষ টাকার গুণিতক যেকোন পরিমাণ।

ট্রেজারি বিল ও বন্ড ক্রয়-বিক্রয় পদ্ধতি:

- প্রতি সপ্তাহে অনুষ্ঠিত নিলাম হতে ট্রেজারি বিল ও ট্রেজারি বন্ড ক্রয় করা যাবে;
- যে কোন ব্যাংকের মাধ্যমে সেকেন্ডারি মার্কেট হতে ট্রেজারি বিল ও বন্ড ক্রয় করা যাবে;
- ট্রেজারি বিল ও বন্ড যেকোন সময়ে সেকেন্ডারি মার্কেটে বিক্রয় করা যাবে;
- ঢাকা এবং চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জের ট্রেডিং প্ল্যাটফর্মের মাধ্যমে তালিকাভুক্ত ট্রেজারি বন্ড ক্রয়-বিক্রয় করা যাবে;

- অনিবাসী ব্যক্তি বা প্রতিষ্ঠান তাদের Non Resident Foreign Currency Account বা Non Resident Investors Taka Account এ জমাকৃত অর্থ দ্বারা ট্রেজারি বন্ড ক্রয়-বিক্রয় করতে পারবে;
- অনিবাসী ব্যক্তি বা প্রতিষ্ঠান মেয়াদপূর্তির পূর্বে ক্রয়কৃত ট্রেজারি বন্ড নিবাসী বা অন্য অনিবাসীর কাছে বিক্রয় করতে পারবে;
- মেয়াদপূর্তিতে বিনিয়োগকৃত আসল অর্থ ফেরত প্রদান করা হবে।

ট্রেজারি বিল ও বন্ডে বিনিয়োগের সুবিধা:

- ট্রেজারি বিল ও বন্ড সরকার কর্তৃক ইস্যুকৃত বিধায় এ খাতে বিনিয়োগ সম্পূর্ণ নিরাপদ ও ঝুঁকিমুক্ত।
- ট্রেজারি বিল ও বন্ডে বিনিয়োগের ক্ষেত্রে কোন উচ্চ সীমা নেই।
- মেয়াদভেদে সরকারি ট্রেজারি বিল ও বন্ডে বিনিয়োগের বিপরীতে আকর্ষণীয় মুনাফা প্রদান করা হয়।
- প্রতি সপ্তাহে অনুষ্ঠিত নিলামে ট্রেজারি বিল ও ট্রেজারি বন্ডের মুনাফা হার পরিবর্তিত হতে পারে।
- ট্রেজারি বন্ডের ক্ষেত্রে ৬ মাস অন্তর মুনাফা পাওয়া যায় এবং মেয়াদ শেষে আসল পাওয়া যায়।
- স্বল্পমেয়াদি ট্রেজারি বিলের মুনাফা ও আসল মেয়াদান্তে একসাথে পাওয়া যায়।
- অনিবাসী ব্যক্তি ও প্রতিষ্ঠান ট্রেজারি বন্ডের মুনাফা ও বিক্রয়লব্ধ অর্থ বা মেয়াদপূর্তিতে প্রাপ্ত আসল বিদেশে প্রত্যাভাসন করতে পারবে।
- ট্রেজারি বন্ডে বিনিয়োগ আয়কর নির্ধারণের ক্ষেত্রে বিনিয়োগ সুবিধা হিসাবে বিবেচিত হবে।
- উৎসে বা অগ্রীম আয়কর কর্তনের ক্ষেত্রে সরকারি বিধিমালা অনুযায়ী প্রযোজ্য হবে।

ব্যাংকের ক্লায়েন্টাল সার্ভিস উইন্ডোর মাধ্যমে ট্রেজারি বিল ও বন্ড ক্রয়ের প্রক্রিয়া:

- গ্রাহক বিপিআইডি খোলা এবং ট্রেজারি বিল ও বন্ড ক্রয়ের জন্য নির্ধারিত ফরমে আবেদন করবে।
- গ্রাহকের সঞ্চয়ী/চলতি ব্যাংক হিসাবে ট্রেজারি বিল ও বন্ড ক্রয়ের সমপরিমাণ টাকা জমা থাকতে হবে।
- অন্য ব্যাংকের সাথে হিসাব পরিচালনার ক্ষেত্রে পে-অর্ডার/চেক নগদায়নের পর বন্ড ক্রয় করা যাবে।
- সিকিউরিটিজ ক্রয়ের নিশ্চয়তাপত্র ক্রেতাকে ব্যাংক প্রদান করবে।
- গ্রাহক কর্তৃক ব্যাংককে ট্রেজারি বিল ও বন্ড ক্রয় বাবদ নির্ধারিত কমিশন/সার্ভিস চার্জ প্রদান করতে হবে।
- ব্যাংকের ক্লায়েন্টাল সার্ভিস উইন্ডোর মাধ্যমে ট্রেজারি বিল ও বন্ড ক্রয় বিক্রয়ের ক্ষেত্রে যাবতীয় পরামর্শ ও সেবা প্রদান করা হয়।